

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৭টি প্রতিষ্ঠানকে ৭৬.০০ হাজার টাকা জরিমানা

২৯ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রংপুর এবং রাজবাড়ীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ইমপ্রেস সুইটসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে BDFC কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আইডিয়াল ফুড এন্ড সুইটসকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বস সুইটসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে উৎসব ডিপার্টমেন্টাল স্টোর ও মাংস বিতানকে ৫০০/- (পাঁচশত) টাকা করে ১,০০০/- (এক হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে শরীফ মেডিক্যাল হলকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৬,০০০/- (ষোল হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Share Food Restaurant কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Golden Food কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ফ্রেশ সুইটস এন্ড ডেইরী ফার্মকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা ও রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকাসহ মোট ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৫টি বাজার তদারকিতে ১৭টি প্রতিষ্ঠানকে মোট ৭৬,৫০০/- (ছিয়াত্তর হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, রংপুর এবং রাজবাড়ী।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, রংপুর এবং রাজবাড়ী।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।